

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বিয়ানীবাজার শাখা, শাহাব ম্যানশন মার্কেট, বিয়ানীবাজার, সিলেট।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বিয়ানীবাজার শাখার ঋণ গ্রহীতা 'মেসার্স কে.বি. সাইন এন্টারপ্রাইজ', প্রোপাইটর: জনাব লায়ন সঞ্জিব কর, পিতা- সুরেশ চন্দ্র কর, ঠিকানা- পোস্ট অফিস রোড, পো: ও থানা- বিয়ানীবাজার, জেলা- সিলেট কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত- ৩১/১২/২০১৫ইং তারিখ পর্যন্ত ঋণ হিসেবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৩৮,৩৯,৩৮৯.৮৮ (আটত্রিশ লক্ষ উনচল্লিশ হাজার তিনশত উননব্বই টাকা ও আটশি পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আর্থী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

তফসিল- ১

জেলা- সিলেট, থানা- সিলেট সদর, মৌজা-কুমারগাঁও, জে.এল. নং- এস.এ ৮০, বি.এস- ৭৬, খতিয়ান নং- এস.এ. ৯৫৩, নামজারী-১৪২৬, ২৪৪৬, ৬১৪৯, আর.এস.- ৪৩৮, (ডি.পি. ৩৫৬৩), প্লট নং-এস.এ. ৮৫০/১৬৯০, আর. এস.-৫২৫, মোট জমির পরিমাণ- ৬.০০ (ছয়) শতাংশ।

তফসিল- ২

জেলা- সিলেট, থানা- সিলেট সদর, মৌজা- আঙ্গারোয়া, জে.এল. নং- এস.এ. ৪১, বি.এস- ৫২, খতিয়ান নং- এস.এ. ৪৯৭, নামজারী-৭৭৯, আর.এস.- ৫৪১৪, (ডি.পি. ১১১৪), প্লট নং- এস.এ. ২১৯১, আর.এস.- ৫৪১৮, মোট জমির পরিমাণ- ১৩.৫৪ (তের দশমিক চূয়ান্ন) শতাংশ।

নিলামের শর্তাবলী

- আগামী ২৫/০৪/২০১৬ইং, বিকাল- ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বিয়ানীবাজার শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ মি. এর সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বিয়ানীবাজার শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্মুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- দাখিলকৃত দরপত্রের সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি উহার উপর কোন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বিয়ানীবাজার শাখা, সিলেট।

মোবাইল : ০১৭১১৮৮৩৭৫০, টেলিফোন- ৫৬১২৮